

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিভাগীয় কার্যালয়, রাজশাহী  
[www.bkkb.rajshahidiv.gov.bd](http://www.bkkb.rajshahidiv.gov.bd)

বিষয়ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী এর পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোঃ আনোয়ার যাইদ, পরিচালক, বাককবো, রাজশাহী।  
তারিখ : ১৬/০৭/২০২৩ খ্রিঃ  
সময় : দুপুর ১২.০০ টা  
স্থান : বিভাগীয় কার্যালয় রাজশাহী।

অদ্য ১৬/০৭/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ টা পরিচালক, বাককবো, রাজশাহী কর্তৃক নিজ কার্যালয়, পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে জনাব মোঃ তারেক মাহমুদ, উপরিচালক বাককবো, জনাব মোঃ আঃ হান্নান, কল্যাণ কর্মকর্তা, জনাব মোঃ মোঃ শাহিনুর ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা সহ সকল কর্মচারী উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা প্রদান করেন। পরিদর্শনের শুরুতেই পরিচালক অফিস চত্বরসহ বিভিন্ন কক্ষ পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তিনি জানান, রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গু রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু প্রতিরোধের বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে এবং অফিস চত্বরসহ প্রতিটি কক্ষ এবং তৎসংলগ্ন বারান্দা, সকলের ডেস্ক ও ফাইল কেবিনেট ভালোভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

১. অতঃপর অত্র কার্যালয়ের পত্র প্রাপ্তি ও পত্র জারী রেজিস্টার পর্যালোচনা করা হয় এতে দেখা যায় পত্র প্রাপ্তি ও পত্র জারী রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।

২. এ কার্যালয়ে ব্যবহৃত ক্যাশ বহি রেজিস্টার পর্যালোচনা করা হয়। এটি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এটি যেন অব্যাহত থাকে, সে বিষয়ে নির্দেশনা দেয়া হয় এবং নিয়মিত ক্যাশ বহি হালনাগাদ করায় সংশ্লিষ্ট কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৩. বর্তমান অর্থবছরের অফিসের কার্যক্রম পর্যালোচনা করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে, সকল কর্মকর্তা কর্মচারী স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করছেন। পরিচালক অত্র কার্যালয়ে প্রাপ্ত বিভিন্ন সেবার আবেদন সম্পর্কে জানতে চাইলে সংশ্লিষ্ট কর্মচারীগণ জানান, ত্রুটিমুক্ত আবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি হচ্ছে এবং বিভিন্ন দাবীর অসম্পূর্ণ কাগজপত্রের জন্য পত্রের মাধ্যমে সরাসরি দাবীদারের সাথে যোগাযোগ করে বা ফ্লুদে বার্তার(SMS) মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে দাবীসমূহ নিষ্পত্তির ব্যবস্থা নেয়া হচ্ছে। যৌথবীমা, কল্যাণ ভাতা ও দাফন কাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার দাবী সমূহ নিষ্পত্তির ক্ষেত্রে অত্র কার্যালয়ের ০৩ জন কর্মকর্তা-কর্মচারী জেলা ওয়ারী দায়িত্ব পালন করেন।

জনাব আবু জর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বগুড়া, পাবনা ও চাঁপাইনবাবগঞ্জ জেলার যৌথবীমা, কল্যাণ ভাতা ও দাফন কাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার দায়িত্ব পালন করছেন।

জনাব রোকসানা জান্নাত, হিসাবরক্ষক, জয়পুরহাট জেলার যৌথবীমা, কল্যাণ ভাতা ও দাফন / অন্ত্যেষ্টিক্রিয়ার এবং হিসাব সংক্রান্ত দায়িত্ব পালন করছেন।

জনাব মো: শাহিনুর ইসলাম হিসাবরক্ষণ অফিসার রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ ও নাটোর জেলার যৌথবীমা, কল্যাণ ভাতা ও দাফন কাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার দায়িত্ব পালন করছেন।

সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, জুন/২৩ মাসে ৮ জেলার কল্যাণ ভাতার মোট ৩৩টি, যৌথবীমার ৩০টি এবং দাফন কাফন/ অন্ত্যেষ্টিক্রিয়ার ২৮ টি আবেদনপত্র পাওয়া গেছে। নিষ্পত্তি হয়েছে কল্যাণ ভাতার ৩৯টি (পূর্বের জেরসহ), যৌথবীমার ৩৪টি (পূর্বের জেরসহ) এবং দাফন কাফন/ অন্ত্যেষ্টিক্রিয়া ৩৬টি (পূর্বের জেরসহ)।

৪. সাধারণ চিকিৎসা সহায়তার দায়িত্ব পালনে সংশ্লিষ্ট কর্মচারী জানান, জুন/২৩ মাসে প্রাপ্ত আবেদন ১৩৯ টি এবং নিষ্পত্তি হয়েছে ১৩১ টি, অনিষ্পন্ন আবেদন ৮টি।

৫. শিক্ষাবৃত্তির বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, গত অর্থবছরে শিক্ষাবৃত্তির প্রাপ্ত মোট =১০,৪৮৩ টি আবেদনের অনুকূলে =১৩,৮৭৮ জন ছাত্র/ছাত্রীকে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

৬. অফিসের ক্রয় কার্য পি পি আর অনুযায়ী সম্পাদনপূর্বক নথিতে ট্রেজারী চালানোর কপি যথাযথ সংরক্ষণ করা হচ্ছে মর্মে দেখা যায়। এ ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য হিসাবরক্ষণ অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়।

৭. কর্মচারীদের সার্ভিস বহি যথাযথ ভাবে সংরক্ষণ ও হালনাগাদকরণ করা হয়। সার্ভিস বহি যথাযথ ভাবে সংরক্ষণ অব্যাহত রাখার নির্দেশ প্রদান করা হয়।

৮. অফিস কক্ষসমূহ পরিদর্শন করা হলো। অফিস কক্ষ এবং ডেস্ক পরিষ্কার পরিচ্ছন্ন রয়েছে। পরিচ্ছন্ন ও সুন্দর কর্মপরিবেশ বজায় রাখার লক্ষ্যে সকলকে আরও সচেতন থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

অতঃপর সকলকে সেবার ব্রত নিয়ে কাজ করার জন্য অনুরোধ জ্ঞাপন পূর্বক পরিদর্শনে সহযোগীতা প্রদান করায় সকল কর্মকর্তা ও কর্মচারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে পরিদর্শন সমাপ্ত করা হয়।

  
(মোঃ আনোয়ার হায়েদ)

পরিচালক

ফোন: ০২৫৮৮৮৫২৩০৫

ই-মেইল: directorraj@bkkb.gov.bd

